

নং ৮০/২৬/টিএসসিসি

তারিখ: ০৮.১০.২০২৬খ্রি.

বরাবর

প্রাধ্যক্ষ

.....
রাজশাহী বিশ্ববিদ্যালয়

রাজশাহী

বিষয় : নজরুল বর্ষ উপলক্ষ্যে সাংস্কৃতিক প্রতিযোগিতার বিজ্ঞপ্তি প্রচার।


মহোদয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, অনুষ্ঠান শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর পত্রের প্রেক্ষিতে ইউজিসি থেকে প্রাপ্ত পত্রানুযায়ী নজরুল বর্ষ উপলক্ষ্যে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পক্ষে শহীদ সুখরঞ্জন সমাদ্দার ছাত্র-শিক্ষক সাংস্কৃতিক কেন্দ্র আগামী ২৮ ও ২৯ অক্টোবর ২০২৬ বুধবার ও বৃহস্পতিবার কাজী নজরুল ইসলাম মিলনায়তনে দুই (০২) দিনব্যাপী সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজনের উদ্যোগ গ্রহণ করেছে। উক্ত পত্র মোতাবেক বিশ্ববিদ্যালয় পর্যায়ের সাংস্কৃতিক প্রতিযোগিতার বিষয় হিসেবে থাকবে :

১. নজরুলের কবিতা আবৃত্তি (অংশগ্রহণকারীকে কবিতার কপিসহ নিজের নাম জমা দিতে হবে)
২. নজরুল সঙ্গীত
৩. নজরুল সংগীতভিত্তিক নৃত্য
৪. নজরুল সাহিত্যভিত্তিক অভিনয় (সময় ৫ মিনিট)
৫. নজরুল বিষয়ক উপস্থিত বক্তৃতা

এমতাবস্থায় প্রতিযোগিতায় আপনার হলের আগ্রহী আবাসিক ও অনাবাসিক শিক্ষার্থীদের মাঝে এই বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য অনুরোধ জানাচ্ছি।

প্রতিযোগিতায় অংশগ্রহণে আগ্রহী শিক্ষার্থীর নাম আগামী ২৬ অক্টোবর ২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে টিএসসিসি দপ্তরে স্বশরীরে এসে নথিভুক্ত করা যাবে। আগামী ২৭/১০/২০২৬ তারিখে প্রতিটি হল থেকে অফিস চলাকালীন সময়ের মধ্যে আগ্রহী শিক্ষার্থীদের নামের তালিকা টিএসসিসি দপ্তরে পাঠানোর জন্যে বিশেষভাবে অনুরোধ জানানো হলো। প্রতিযোগিতা শেষে পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের তারিখ পরবর্তীতে জানানো হবে।
ধন্যবাদ।



৮.১০.২৬

(প্রফেসর ড. মুরশিদা ফেরদৌস বিনতে হাবিব)

পরিচালক (ভারপ্রাপ্ত)

শহীদ সুখরঞ্জন সমাদ্দার ছাত্র-শিক্ষক সাংস্কৃতিক কেন্দ্র

রাজশাহী বিশ্ববিদ্যালয়

রাজশাহী

নজরুল বর্ষ উপলক্ষ্যে আন্তঃহল সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২৬

আয়োজনে : শহীদ সুখরঞ্জন সমাদ্দার ছাত্র-শিক্ষক সাংস্কৃতিক কেন্দ্র, রাজশাহী বিশ্ববিদ্যালয়

- প্রতিযোগিতার বিষয়:
 ১. নজরুলের কবিতা আবৃত্তি (অংশগ্রহণকারীকে কবিতার কপিসহ নাম জমা দিতে হবে)
 ২. নজরুল সঙ্গীত
 ৩. নজরুল সংগীত ভিত্তিক নৃত্য
 ৪. নজরুল সাহিত্য ভিত্তিক অভিনয় (সময় ০৫ মিনিট)
 ৫. নজরুল বিষয়ক উপস্থিত বক্তৃতা
- প্রতিযোগিতার স্থান : কাজী নজরুল ইসলাম মিলনায়তন
- প্রতিযোগিতার তারিখ : ২৮ ও ২৯ অক্টোবর ২০২৬ , বুধবার ও বৃহস্পতিবার
- সময় : বিকেল ৩টা থেকে শুরু
- যোগ্যতা : প্রতিযোগিতায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নরত শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করতে পারবেন
- আগামী ২৬ অক্টোবর ২০২৬ তারিখের মধ্যে হল থেকে বা সরাসরি অফিস চলাকালীন সময়ে টিএসসিসি দপ্তরে এসে নাম নথিভুক্ত করা যাবে ।
- সকল বিষয়ে প্রতিযোগিতায় ১ম স্থান অধিকারী শিক্ষার্থী জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে পারবেন ।
- প্রতিযোগিতা শেষে পুরস্কার বিতরণ (১ম, ২য় ও ৩য় স্থান বিজয়ী) ও সাংস্কৃতিক অনুষ্ঠানের তারিখ পরবর্তীতে জানানো হবে ।

নজরুল বর্ষ উপলক্ষ্যে আন্তঃহল সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২৬
আয়োজনে: শহীদ সুখরঞ্জন সমাদ্দার ছাত্র-শিক্ষক সাংস্কৃতিক কেন্দ্র, রাজশাহী বিশ্ববিদ্যালয়

নিবন্ধন ফর্মের নমুনা

১. নাম :
২. বিভাগ :
৩. বর্ষ/ সেমিস্টার :
৪. সেশন (শিক্ষাবর্ষ) :
৫. হল :
৬. আবাসিকতা : (টিক{√} চিহ্ন দিন): আবাসিক ☐ অনাবাসিক ☐
৭. মোবাইল নং :
৮. স্টুডেন্ট আইডি কার্ড এর ফটোকপি প্রদান করতে হবে